

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী

সভার তারিখ ও বার : ০২/১২/২০২১ খ্রিঃ, রোজ- বৃহস্পতিবার
সময় : সকাল- ১১.০০ মি.
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর অফিস কক্ষ
সভাপতি : জনাব রেহানা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/ আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত হয়। অতঃপর সভাপতি মহোদয় উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও সংস্কৃতি বিষয়ক উপজেলা স্ট্যাডিং কমিটির সদস্য সচিবকে উপজেলার সাংস্কৃতিক বিষয়ক সার্বিক কার্যক্রম ও যে সকল সমস্যা আছে তা আলোচনা করার জন্য অনুরোধ করেন।

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্তসমূহ
০১.	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জানান যে, শিশু-কিশোরদের নিয়ে বাংলাদেশ শিশু একাডেমি প্রায় প্রতি মাসে শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করে থাকে। এতে শিশু কিশোরদের মাঝে শারিরিক- মানসিক, সৃজনশীল এবং সুষ্ঠু প্রতিভা বিকাশ সাধনে যথেষ্ট সহায়তা করে। তবে এই প্রতিযোগিতার ভেন্যু হয় যেহেতু উপজেলা সদরে সেহেতু উপজেলার প্রত্যন্ত অঞ্চলের শিশু-কিশোররা এই প্রতিযোগিতাগুলিতে সবসময় অংশগ্রহণ করতে পারেনা। তাই ইউনিয়ন ভিত্তিক ভেন্যু করে এই সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করতে পারলে শিশু-কিশোররা উপকৃত হবে। তবে শিশু একাডেমির সরকারী আর্থিক বরাদ্দ পর্যাপ্ত না থাকায় উপজেলা সদরের বাইরে এ আয়োজন করা যাচ্ছেনা। এছাড়া এ সাংস্কৃতিক চর্চা সবার মাঝে ছড়িয়ে দেয়ার জন্য শুধু শিশু কিশোর নয় সকল জনগনকে সম্পৃক্ত করতে হবে, তাদের নিয়ে বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রম ও প্রতিযোগিতার আয়োজন করতে হবে। যেহেতু শিশু একাডেমির কার্যক্রমের পরিধি এবং আর্থিক বরাদ্দ শুধু শিশু-কিশোরদের নিয়ে সেহেতু কলেজের ছাত্র/ছাত্রী এবং অন্যান্য জনগনের মাঝে সাংস্কৃতিক চর্চা ছড়িয়ে দেয়ার জন্য উপজেলা পরিষদের সহযোগিতা অবশ্যই প্রয়োজন।	সভায় সকলের আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত হয় যে, উক্ত কার্যক্রমের জন্য আর্থিক সহযোগিতা অবশ্যই প্রয়োজন। তাই উপজেলা পরিষদের নিকট অর্থ বরাদ্দের জন্য সুপারিশ করা হয়।
০২.	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জানান যে, আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর ২০২১খ্রিঃ তারিখে মহান বিজয় দিবস উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমি উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যদায় শিশু-কিশোরদের জন্য বিভিন্ন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করবে। উক্ত কর্মসূচি যথাযথভাবে পালনে সকল সম্মানিত সদস্যদের মূল্যবান দিক-নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	সভায় সকলে এ কর্মসূচি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেহানা বেগম)

সভাপতি

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, মুঙ্গীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুঙ্গীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুঙ্গীগঞ্জ।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, শ্রীনগর, মুঙ্গীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীনগর, মুঙ্গীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৬। চেয়ারম্যান, ষোলঘর ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুঙ্গীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৭। অফিস নথি।

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও পদবী	স্বাক্ষর
১	বেহানা বেগম	বেহানা
২	শ্রীঃ নাছির উদ্দিন মহকুমী উপজেলা সিন্ডিকট অফিসার	Nauf 02/12/21
৩	মুরশীদ আহম্মদ উপজেলা প্রাথমিক সিন্ডিকট অফিসার	শ্রীঃ 02.12.2021
৪	শ্রীঃ কাজীম হোসেন উপজেলা সিন্ডিকট বিসমিলক কর্মকর্তা	Shamim 02/12/2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ শিশু একাডেমি
শ্রীনগর উপজেলা শাখা, মুন্সীগঞ্জ।

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/২৯৩ (০৮)

তারিখঃ ২৪/১১/২০২১খ্রিঃ


বিষয় : উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভায় অংশগ্রহন প্রসংগে।

জনাব,

সবিনয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০২/১২/২০২১খ্রিঃ তারিখ রোজ-বৃহস্পতিবার, সকাল-১১.০০ ঘটিকায় উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভায় আলোচ্যসূচি :

- ১। শ্রীনগর উপজেলার প্রতিটি ইউনিয়নে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন প্রসংগে।
- ৩। আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচির আয়োজন প্রসংগে।
- ৪। বিবিধ।


২৪/১১/২০২১
(মোঃ শামীম হোসেন)
উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
শ্রীনগর, মুন্সীগঞ্জ

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/২৯৩ (০৮)

তারিখঃ ২৪/১১/২০২১খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে :

- (১) মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- (৩) উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ

অনুলিপি সদয় কার্যার্থে :

- (১) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর ও সভাপতি, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (২) সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (৩) অফিস নথি

(মোঃ শামীম হোসেন)
উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ